

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ফারজানা ইয়াসমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

সভার তারিখ ও সময়ঃ ২৯/১১/২০২৩খ্রি. বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ২৯/১১/২০২৩খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াসমিন এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।
০২	কৃত্রিম সংকট দেখিয়ে দ্রব্যের মূল্য বৃদ্ধিঃ	সম্মানিত সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, ০৫ নং ইটাইল ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর সভাকে জানান যে, ইটাইল বাজারে অধিকাংশ দোকানদার দ্রব্য বিক্রির সময় ক্রেতাদের নিকট থেকে দ্রব্যের কৃত্রিম সংকট দেখিয়ে চড়া মূল্যে দ্রব্য বিক্রয় করেন। তাই এ বিষয়ে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করার জন্য সভাকে অবহিত করেন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিত্বে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে একমত পোষণের সিদ্ধান্ত গ্রহিত হয়।
০৩	বাজারে দ্রব্যের মূল্য তালিকা প্রদর্শনঃ	সম্মানিত সদস্য মোঃ সাইফুল ইসলাম খান, চেয়ারম্যান, ০১ কেন্দুয়া ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর সভাকে জানান যে, প্রায় সকল বাজারেই বেশীর ভাগ মুদি দোকানে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য সম্বলিত মূল্য তালিকা প্রদর্শন করা হয় না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন।	বিশদ আলোচনান্তে এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/২৭/১/২৩

(ফারজানা ইয়াসমিন)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও

মূল্যায়ন কমিটি, জামালপুর সদর

জামালপুর।

স্মারক নং-

তারিখ: ২৯/১১/২০২৩খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব -----সদস্য, বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিস কপি।


২৯/১১/২৩
(জিনাত শামছুমাহার সুলতানা)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও

মূল্যায়ন কমিটি, জামালপুর সদর, জামালপুর।

পরিশিষ্ট “ক”

২৯/১১/২০২৩খ্রি. তারিখের উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী

ক্র: নং	সদস্যদের নাম ও ঠিকানা	পদবী	স্বাক্ষর
০১	ফারজানা ইয়াছমিন মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	মোঃ সাইফুল ইসলাম খান চেয়ারম্যান, ০১ কেন্দুয়া ইউপি	সদস্য	স্বাক্ষরিত
০৩	মোঃ আঃ জলিল চেয়ারম্যান, ০৮নং বাশচড়া ইউপি	সদস্য	স্বাক্ষরিত
০৪	মোঃ হাফিজুর রহমান চেয়ারম্যান, ০৫নং ইটাইল ইউপি	সদস্য	স্বাক্ষরিত
০৫	জিনাত শামছুমাহার সুলতানা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর, জামালপুর	সদস্য সচিব	স্বাক্ষরিত